


শিক্ষা নিয়ে গড়ব দেশ শেখ
হাসিনার বাংলাদেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
প্রশাসন শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.tmed.gov.bd



স্মারক নম্বর: ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২১.৫৪০

তারিখ: ১৭ জ্যৈষ্ঠ ১৪২৮

৩১ মে ২০২১

বিষয়: কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন সকল দপ্তর ও শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন প্রসঙ্গে।

মুক্তিযুদ্ধের সঠিক ইতিহাস ও জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান-এর জীবন ও আদর্শ, শিক্ষার্থীদের নিকট সঠিক ভাবে তুলে ধরার লক্ষ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের আওতাধীন দপ্তর সংস্থা ও শিক্ষা প্রতিষ্ঠান (এমপিও ও নন-এমপিও)-সমূহে মুজিব বর্ষের মধ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়েছে, কিন্তু এখনও সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন করা হয়নি। সকল শিক্ষা প্রতিষ্ঠানে নিম্নবর্ণিত সময়সীমার মধ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনের ক্ষেত্রে নিম্নোক্ত বিষয়গুলি অনুসরণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলোঃ

১। বঙ্গবন্ধু কর্ণার এর রূপরেখা:

- প্রতিষ্ঠান-প্রধানের অফিস কক্ষের সন্নিহিত সহজে দৃষ্টি গোচর হয় এমন কক্ষে কিংবা লাইব্রেরী কক্ষে সহজে চোখ পড়ে এমন অংশে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন করতে হবে;
- 'বঙ্গবন্ধু কর্ণার'-এর জন্য নির্বাচিত কক্ষের উপযুক্ত স্থানে 'বঙ্গবন্ধু কর্ণার' শিরোনামে একটি মানসম্মত নামফলক স্থাপন করতে হবে;
- 'বঙ্গবন্ধু কর্ণার'-এ নিম্নরূপ বই ও ছবি সংরক্ষণ করতে হবে:
 - বঙ্গবন্ধুর রচিত বই, বঙ্গবন্ধুর বক্তৃতা সংকলন এবং বঙ্গবন্ধুর জীবন ও কর্ম নিয়ে স্মৃতিচারণা, গবেষণা এবং অনুরূপ বিষয়ে প্রকাশিত গুরুত্বপূর্ণ বই, মুক্তিযুদ্ধের দলিলপত্র প্রভৃতি।
 - বঙ্গবন্ধুর প্রমাণ সাইজের ছবিসহ বঙ্গবন্ধুর ঐতিহাসিক গুরুত্বপূর্ণ ছবি।
 - মুক্তিযুদ্ধ ও বাংলাদেশ সম্পর্কিত গুরুত্বপূর্ণ প্রামাণ্য বই।

২। সময়সীমা:

- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ ১০ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন পূর্বক সংশ্লিষ্ট অধিদপ্তরকে সচিত্র প্রমাণকসহ ১১ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে অবহিত করবে।
- অধিদপ্তরসমূহ 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন নিশ্চিতকরণ প্রতিবেদন আগামী ১২ আগস্ট, ২০২১ তারিখের মধ্যে কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করবে।
- আগামী ১৫ আগস্ট, ২০২১ তারিখে স্থাপিত সকল 'বঙ্গবন্ধু কর্ণার' একযোগে অনলাইনে উদ্বোধন করা হবে।

৩। বাস্তবায়ন পরিকল্পনা:

- প্রত্যেক অধিদপ্তর/দপ্তর/সংস্থা প্রশাসনিক বিভাগ-ওয়ারী 'বঙ্গবন্ধু কর্ণার' বাস্তবায়ন তদারকি কর্মকর্তা নিযুক্ত করে আদেশজারী করবে এবং কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগকে অবহিত করবে।
- কোন প্রতিষ্ঠান নির্ধারিত সময়-সীমার মধ্যে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনে যাতে অপারগ না হন সে লক্ষ্যে সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান ব্যক্তিগতভাবে তৎপর থাকবেন।
- 'বঙ্গবন্ধু কর্ণার' বাস্তবায়ন তদারকি কর্মকর্তা নির্ধারিত সময়-সীমার মধ্যে নিবিড় তদারকির মাধ্যমে এ বিভাগের আওতাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপন নিশ্চিত করবেন।

১১

ঘ) যে সকল প্রতিষ্ঠানে/শিক্ষা প্রতিষ্ঠানে ইতোমধ্যে 'বঙ্গবন্ধু কর্ণার'- স্থাপন করা হয়েছে, তার তালিকা আগামী ১৫ জুন, ২০২১ তারিখের মধ্যে কারিগরি শিক্ষা অধিদপ্তর ও মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এ বিভাগে প্রেরণ করবে।

০২. এমতাবস্থায়, উপরিউক্ত নির্দেশনা অনুসারে নির্ধারিত সময়সীমার মধ্যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে আবশ্যিকভাবে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৩১-৫-২০২১

রোকসানা রহমান

উপসচিব

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০৬. মহাপরিচালক (অতিরিক্ত সচিব), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
প্রশাসন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)
নিউ বেইলী রোড, ঢাকা-১০০০
www.dme.gov.bd



স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০১.০৫.০০৫.১৬-২২৯

তারিখ:

১৮ জ্যেষ্ঠ, ১৪২৮
০১ জুন, ২০২১

কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপরিলিখিত ৫৭.০০.০০০০.০৪০.৯৯.০০২.২১.৫৪০ নং স্মারকের নির্দেশনা ও বর্ণিত রূপরেখার আলোকে তার প্রতিষ্ঠানে 'বঙ্গবন্ধু কর্ণার' স্থাপনপূর্বক সচিত্র প্রমাণকসহ আগামী ৩০ জুন ২০২১ তারিখের মধ্যে আবশ্যিকভাবে অত্র অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


০২/০৬/২০২১
মাহফুজা ইয়াছমিন
সহকারী পরিচালক (প্রশাসন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
ফোন: ৪১০৩০১৬৮
adm.dmeb@gmail.com

০১। অধ্যক্ষ, বিএমটিটিআই/ সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা/ সরকারি আলিয়া মাদ্রাসা, সিলেট/ সরকারি

মোস্তাফাবিয়া আলিয়া মাদ্রাসা, বগুড়া।

০২। অধ্যক্ষ/সুপার/এবতেদায়ী প্রধান(সকল মাদ্রাসা)

বিতরণ:

- ১। জেলা প্রশাসক (সকল)
- ২। উপজেলা নির্বাহী অফিসার (... সকল)
- ৩। জেলা শিক্ষা অফিসার (... সকল)
- ৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (... সকল)

তঁর আওতাধীন সকল মাদ্রাসায় উল্লিখিত নির্দেশনাসমূহ বাস্তবায়নের জন্য অনুরোধ করা হলো।

অনুলিপি:

১। অতিরিক্ত সচিব (প্রশাসন/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

২। উপসচিব (প্রশাসন শাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা

৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা